

DUM DUM MOTIJHEEL RABINDRA MAHAVIDYALAYA

আন্ডার গ্রাজুয়েট অনার্স (সাক্ষানিক স্নাতক) ও জেনারেল (সাধারণ স্নাতক)

পরীক্ষার্থীদের জন্য সাধারণ নির্দেশিকা

তৃতীয় সেমেস্টার ও পঞ্চম সেমেস্টার, ২০২১

১। ছাত্রছাত্রীরা / পরীক্ষার্থীরা যাদের যথামত রেজিস্ট্রেশন নং , রোল নং ও অ্যাডমিট কার্ড আছে , তারা ওয়েবসাইটে দেওয়া পরীক্ষার সূচী অনুযায়ী অনলাইন পরীক্ষায় বসতে পারে ।

যে সকল ছাত্রছাত্রী অনলাইন পরীক্ষা ব্যবস্থায় অথবা পরীক্ষার ফলাফল সন্তোষজনক মনে করবে না , প্যাডেমিক পরিস্থিতির উন্নতি হলে বিশ্ববিদ্যালয় দ্বারা আয়োজিত অফলাইন পরীক্ষায় বসতে পারে ।

২। ছাত্রছাত্রীদের কাছে ই-মেইল (E-mail) অথবা হোয়াটস অ্যাপের (Whats App) মাধ্যমে প্রশ্নপত্র পৌঁছে যাবে ।

৩। নির্দিষ্ট দিনে নির্দিষ্ট বিষয়ের পরীক্ষা শুরুর ৩০ মিনিট আগে ছাত্রছাত্রীদের কাছে প্রশ্নপত্র পৌঁছে যাবে ।

ক. পরীক্ষার সময় সকাল ১১টা থেকে দুপুর ১ টা হলে প্রশ্নপত্র পৌঁছে যাবে সকাল ১০.৩০ -এর মধ্যে ।

খ. পরীক্ষার সময় বেলা ২টা থেকে বিকাল ৪ টা হলে প্রশ্নপত্র পৌঁছে যাবে সকাল ১.৩০ -এর মধ্যে ।

অনলাইন মোডে যোগাযোগ ব্যবস্থার জন্য সময়ের সামান্য হেরফের হলেও দৃষ্টিভ্রমের কারণ নেই । ছাত্রছাত্রীদের কাছে প্রশ্নপত্র যথাসময়েই পৌঁছে যাবে ।

অথবা

ছাত্রছাত্রীরা www.wbsuexams.net এই ওয়েবসাইট থেকেও নির্দিষ্ট পরীক্ষার প্রশ্নপত্র ডাউনলোড করতে পারবে ।

৪। পরীক্ষার উত্তরপত্র ছাত্রছাত্রীরা অনলাইন অথবা অফলাইন ---দু'রকম ভাবেই জমা করতে পারবে

। ছাত্রছাত্রীরা অনলাইনে উত্তরপত্র জমা করতে চাইলে কলেজ ওয়েবসাইটে উল্লিখিত নির্দিষ্ট

বিষয়ের Email Address / Whats App -এ সকলে জমা করবে । পরীক্ষা সমাপ্ত হওয়ার

একঘন্টার মধ্যেই ছাত্রছাত্রীরা উত্তরপত্র জমা করবে ।

যদি ছাত্রছাত্রীরা অফলাইনে উত্তরপত্র জমা করতে চায় , পরীক্ষা সমাপ্ত হওয়ার একঘন্টার মধ্যেই কলেজের Answer Script Receivig Counter -এ ছাত্রছাত্রীরা উত্তরপত্র জমা করবে ।

ক. পরীক্ষার সময় সকাল ১১টা থেকে দুপুর ১ টা হলে উত্তরপত্র জমা করতে হবে বেলা ২ টার মধ্যে ।

খ. পরীক্ষার সময় বেলা ২টা থেকে বিকাল ৪ টা হলে উত্তরপত্র জমা করতে হবে বিকাল ৫ টার মধ্যে ।

উত্তরপত্র আপলোড করার সময় ছাত্রছাত্রীরা অতিঅবশ্যই অ্যাডমিট কার্ডের ফটোকপি আপলোড করবে । অফলাইনে যে সকল ছাত্রছাত্রী উত্তরপত্র জমা করবে , অ্যাডমিট কার্ডসহ সমগ্র উত্তরপত্রটি একটি বড় খামে (Envelop) এর মধ্যে পুরে উত্তরপত্র জমা করবে । অ্যাডমিট কার্ডের একটি ফটোকপি খামের উপরেও দিতে হবে ।

৫ । ছাত্রছাত্রীদের নিজস্ব ভাষায় উত্তর দেওয়াই বাঞ্ছনীয় ।

৬ । ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয় প্রদত্ত উত্তরপত্রের জন্য নির্দিষ্ট খাতা বা A4 সাইজের পৃষ্ঠায় নিজ নিজ উত্তরপত্র প্রস্তুত করবে ।

৭ । পরীক্ষার্থীরা উত্তরপত্রের প্রত্যেকটি পৃষ্ঠার উপরে রেজিস্ট্রেশন নম্বর এবং রোল নম্বর উল্লেখ করবে । তারা অবশ্যই যথাযথভাবে সমগ্র উত্তরপত্রের নিরিখে পৃষ্ঠা সংখ্যা নির্দেশ করবে ।

৮ । সকল পরীক্ষার্থী পরীক্ষা সংক্রান্ত অন্যান্য নির্দেশাবলী ও গুরুত্বপূর্ণ তথ্য জানার জন্য নিয়মিত ভাবে মহাবিদ্যালয়ের ওয়েবসাইট ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট দেখবে ।

Principal & Secretary

Dum Dum Motijheel Rabindra Mahavidyalaya

